

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ২, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বিজ্ঞপ্তি

তারিখ, ১৮ আষাঢ় ১৪১৪/০২ জুলাই ২০০৭

নং ১২(মুঃ প্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ১৮ আষাঢ় ১৪১৪ বাং মোতাবেক ০২ জুলাই ২০০৭ খ্রিঃ তারিখে প্রণীত নিম্নে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং ১২, ২০০৭

২০০৮ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে ব্যয় নির্বাহের জন্য অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু ২০০৮ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে ব্যয় নির্বাহের জন্য অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

এবং যেহেতু সংসদ ভাঙ্গিয়া গিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনক প্রতীয়মান হইয়াছে যে, সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় অধ্যাদেশ প্রণয়ন ও জারীর মাধ্যমে সংযুক্ত তহবিল হইতে ব্যয় নির্বাহের কর্তৃত্ব প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(৩) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন :

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ সংযুক্ত তহবিল (অগ্রিম মঞ্জুরী দান ও নির্দিষ্টকরণ) অধ্যাদেশ, ২০০৭ নামে অভিহিত হইবে।

(৬৮৫৭)

মূল্য : টাকা ৪.০০

(২) ইহা ১ জুলাই, ২০০৭ ইং তারিখে কার্যকর হইবে।

২। ২০০৭-০৮ অর্থ বৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ১০৫৩৯৫,০৭,০৪,০০০ টাকা প্রদান।—২০০৮ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে যেই সকল ব্যয় হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই অধ্যাদেশের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লেখিত এক লক্ষ পাঁচ হাজার তিনশত পঁচানব্বই কোটি সাত লক্ষ চার হাজার টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

৩। নির্দিষ্টকরণ।—এই অধ্যাদেশ দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০০৮ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে এই অধ্যাদেশের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লেখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

তফসিল

(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

মঞ্জুরী নং	মন্ত্রণালয়/ বিভাগ	কার্য ও উদ্দেশ্যসমূহ (হিসাবের প্রধান খাতসমূহ)	অনধিক টাকা		
			সংযুক্ত তহবিলের উপর দায়	মঞ্জুরী দাবী (অন্যান্য ব্যয়)	মোট
১	২	৩	৪	৫	

অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয়

	০১	রাষ্ট্রপতির কার্যালয়	৫,৩৩,২৪	০	৫,৩৩,২৪
০১	০২	জাতীয় সংসদ	২১,১১,৩৪	৮,৮৮,০০	২৯,৯৯,৩৪
০২	০৩	প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার কার্যালয়।	০	৩৫৩,৭৮,৮৫	৩৫৩,৭৮,৮৫
০৩	০৪	মন্ত্রিপরিষদ বিভাগ	০	২৮,১৫,৩৮	২৮,১৫,৩৮
	০৬	নির্বাচন কমিশন সচিবালয়	৫৩৬,৫৬,৫০	১,০০	৫৩৬,৫৭,৫০
০৪	০৭	সংস্থাপন মন্ত্রণালয়	০	৭২৯,১১,০০	৭২৯,১১,০০
০৫	০৮	সরকারী কর্ম কমিশন	৯,৮৫,৭৩	২,০২,০০	১১,৮৭,৭৩
০৬	০৯	অর্থ বিভাগ	১৩৪৭৪,৫৬,৯৩	১৫৫৫৫,৮৯,৯০	২৯০৩০,৪৬,৮৩
	১০	অর্থ বিভাগ—মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়।	৬৯,৬৫,৮২	০	৬৯,৬৫,৮২
০৭	১১	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	০	৭৪৬,৬৪,৩৬	৭৪৬,৬৪,৩৬
০৮	১৩	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	৪৮২৫,০০,০০	৮৫,১২,১৩	৪৯১০,১২,১৩

১	২	৩	৪	৫	
০৯	১৪	পরিকল্পনা বিভাগ	০	৫৯৮,৬১,৭৫	৫৯৮,৬১,৭৫
১০	১৫	বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।	০	৪৬,৬৩,৬৩	৪৬,৬৩,৬৩
১১	১৭	বাণিজ্য মন্ত্রণালয়	০	১২৬,৮৬,৩১	১২৬,৮৬,৩১
১২	১৮	পররাষ্ট্র মন্ত্রণালয়	০	২৪৯,৩৯,৪৯	২৪৯,৩৯,৪৯
১৩	১৯	প্রতিরক্ষা মন্ত্রণালয়	১৬৮,৯৮,৫৪	৬৮৮৩,৪২,৪০	৭০৫২,৪০,৯৪
১৪	২১	আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।	০	২৯৪,৭৫,১১	২৯৪,৭৫,১১
১৫	২২	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	০	৪৫০৯,১৩,০৫	৪৫০৯,১৩,০৫
১৬	২৪	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	০	৫৬৫৩,০৪,৫৪	৫৬৫৩,০৪,৫৪
১৭	২৫	শিক্ষা মন্ত্রণালয়	০	৬৫০৬,৩৩,০৪	৬৫০৬,৩৩,০৪
১৮	২৬	বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়।	০	২৩০,০৫,৭০	২৩০,০৫,৭০
১৯	২৭	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।	০	৫৪৮১,৯৫,২৪	৫৪৮১,৯৫,২৪
২০	২৯	সমাজ কল্যাণ মন্ত্রণালয়	০	৮১১,৪৩,১৮	৮১১,৪৩,১৮
২১	৩০	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।	০	৮২৫,৫৭,৪১	৮২৫,৫৭,৪১
২২	৩১	শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রণালয়	০	১১৮,২৯,৫৮	১১৮,২৯,৫৮
২৩	৩২	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	০	৭৩৭,৬৭,৪৭	৭৩৭,৬৭,৪৭
২৪	৩৩	তথ্য মন্ত্রণালয়	০	৪৫৫,০৬,৯৩	৪৫৫,০৬,৯৩
২৫	৩৪	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	০	১৪০,১০,৮০	১৪০,১০,৮০
২৬	৩৫	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	০	১৭৪,৯২,৬৬	১৭৪,৯২,৬৬
২৭	৩৬	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	০	১৬৯,৭৩,৭৮	১৬৯,৭৩,৭৮
২৮	৩৭	স্থানীয় সরকার বিভাগ	০	৬৭০২,৭১,৪০	৬৭০২,৭১,৪০
২৯	৩৮	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	০	৩৪১,৫৪,৪৮	৩৪১,৫৪,৪৮
৩০	৩৯	শিল্প মন্ত্রণালয়	০	৩৩২,২০,২৭	৩৩২,২০,২৭
৩১	৪১	বস্ত্র ও পাট মন্ত্রণালয়	০	৮১,৩৩,৭১	৮১,৩৩,৭১
৩২	৪২	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	০	৭৫৪,৩৪,৩০	৭৫৪,৩৪,৩০
৩৩	৪৩	কৃষি মন্ত্রণালয়	০	৪৩৩৭,৭০,১৫	৪৩৩৭,৭০,১৫
৩৪	৪৪	মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়	০	৫৫১,২৯,৭২	৫৫১,২৯,৭২
৩৫	৪৫	পরিবেশ ও বন মন্ত্রণালয়	০	২৫২,৬২,১৭	২৫২,৬২,১৭
৩৬	৪৬	ভূমি মন্ত্রণালয়	০	৩৫৬,৬৭,৫৩	৩৫৬,৬৭,৫৩
৩৭	৪৭	পানি সম্পদ মন্ত্রণালয়	০	১৪১১,৩৮,৮৭	১৪১১,৩৮,৮৭

১	২	৩	৪	৫	
৩৮	৪৮	খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়।	৫,৮৪,৩৩	৬৯১০,২২,১৮	৬৯১৬,০৬,৫১
৩৯	৫০	যোগাযোগ মন্ত্রণালয়	৯৪,০৭,২০	৫৫০৭,৬৬,৭৮	৫৬০১,৭৩,৯৮
৪০	৫২	নৌ-পরিবহণ মন্ত্রণালয়	০	২৫৯,০১,৩৭	২৫৯,০১,৩৭
৪১	৫৩	বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়।	০	২৩,৮৭,৮২	২৩,৮৭,৮২
৪২	৫৪	ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়।	১১৭০,৪৬,০০	১২২০,৫৬,০৬	২৩৯১,০২,০৬
৪৩	৫৫	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।	০	৪১৯,৭৪,৫২	৪১৯,৭৪,৫২
৪৪	৫৬	বিদ্যা বিভাগ	০	৩৮৩২,৩৩,৪৯	৩৮৩২,৩৩,৪৯
	৬১	সুপ্রীম কোর্ট	২৭,৭০,৭৭	০	২৭,৭০,৭৭
৪৫	৬৩	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	০	১১৫,১৯,৭৫	১১৫,১৯,৭৫
৪৬	৬৫	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্ম সংস্থান মন্ত্রণালয়।	০	৩৭,৫৪,৩৩	৩৭,৫৪,৩৩
৪৭	৬৭	দুর্নীতি দমন কমিশন	০	১৫,২৭,০৫	১৫,২৭,০৫
		মোট মঞ্জুরী ও বরাদ্দের দাবী	২০৪০৯,১৬,৪০	৮৪৯৮৫,৯০,৬৪	১০৫৩৯৫,০৭,০৪

প্রফেসর ডঃ ইয়াজউদ্দিন আহমেদ

রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

তারিখ : ০২-০৭-২০০৭ ইং
১৮-০৩-১৪১৪ বাংনাসরিন বেগম
যুগ্ম-সচিব (ড্রাফটিং)।এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।